বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd

যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ১৬২০
তারিখঃ ০৮/০৩/২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কর্তৃপক্ষের প্রণীত কর্ম পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি : এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, চেয়ারম্যান, সিএএবি।
স্থান : সম্মেলন কক্ষ।
তারিখ : ০২-০৩-২০২০
সময় : সকাল ৯:৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধে পরিচালক (প্রশাসন) সভায় আলোচ্য বিষয় ও অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-ক** তে সংযুক্ত করা হলো। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত :

বিষয়	তারিখ ও স্থান	আলোচনা	সিদ্ধান্ত
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধু'র ম্যুরাল স্থাপন।	১৭ মার্চ ২০২০ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর	প্রধান প্রকৌশলী জানান যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণের কাজ চলমান রয়েছে। ম্যুরালের নির্মাণকাজ আগামী ১০(দশ) দিনের মধ্যে সমাপ্ত হবে। সভাপতি জানান যে, নির্মিতব্য ম্যুরালটি বঙ্গবন্ধু কল্যাণ ট্রাষ্ট হতে অনুমোদন নেওয়া প্রয়োজন। এর ব্যয়ভার সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করার বিষয়ে আলোচনা হয়।	(ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধু'র ম্যুরাল নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্তির লক্ষ্যে কাজের গতি আরও ত্বরান্বিত করতে হবে। (খ) ম্যুরালটি প্রতিস্থাপনের নিমিত্ত বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাষ্ট হতে অনুমোদনের ব্যবস্থা নিতে হবে। (গ) ম্যুরাল নির্মাণের ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারী: প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)।**
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ও বিভিন্ন অর্জন ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শন।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দর।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে বিমানবন্দরসহ কর্তৃপক্ষের বিভিন্ন ইউনিট/দপ্তরে প্রদর্শনের নিমিত্ত ২(দুই) মিনিট এর ভিডিও ক্লিপ প্রদর্শনের নিমিত্ত তেরী করা হয়েছে- যা নির্মাণ প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ৬-৭ মার্চ ২০২০ হতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া হশাআবি বিমানবন্দরের হোল্ডিং লাউঞ্জে বঙ্গবন্ধুর ০৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধুর বিভিন্ন কার্যক্রম, বেবিচকের অর্জন ও বিভিন্ন বিমান বন্দরের উন্নয়নমূলক কার্যক্রমের স্থিরচিত্র ও তথ্যাদি সহকারে ০৫ মিনিটের একটি ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করে তা প্রদর্শনের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কাজের ব্যয় নির্বাহের বিষয়ও সভায় আলোচনা হয়।	(ক) ভিডিও ক্লিপ প্রস্তুতকরতঃ যথাযথ ভাবে অনুমোদন গ্রহণ ও আগামী ৬-৭ মার্চ ২০২০ হতে ডিসপ্লে বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে (খ) প্রস্তুতকৃত ভিডিও ক্লিপের ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারীঃসদস্য(এফ,এস,আর)/ পরিচালক(এফ,এস,আর)।**
সেবা সপ্তাহ পালন।	(১) ১৭ মার্চ ২০২০ হতে ২৩ মার্চ ২০২০ (২) ১১ মার্চ ২০২১ হতে ১৭ মার্চ ২০২১	মুজিব শতবার্ষিকী উপলক্ষ্যে ২টি বিশেষ সেবা সপ্তাহ পালনের নিমিত্ত নিম্নোক্ত সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে- (১) ১৭ই মার্চ হতে ২৩শে মার্চ প্রথম সেবা সপ্তাহে মুক্তিযোদ্ধা, বয়স্ক যাত্রী ও প্রতিবন্ধীদের জন্য আলাদা সেবা বুথ স্থাপন পূর্বক উহার কার্যক্রম	(ক) ১৭ই মার্চ হতে ২৩শে মার্চ প্রথম সেবা সপ্তাহে মুক্তিযোদ্ধা, বয়স্ক যাত্রী ও শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য আলাদা সেবা বুথ স্থাপন এবং অন্যান্য যাত্রীদের জন্য আগমনী ও বহির্গমন লাউঞ্জে মোট ০৫টি বন্ধু সহায়তা/May I Help You ডেস্ক স্থাপন করতে হবে।

নং	বিষয়	তারিখ ও স্থান	আলোচনা	সিদ্ধান্ত
		হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।	অব্যাহত রাখতে হবে। উক্ত সেবা বুথে সহায়তার জন্য শিফট অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখা হবে। এছাড়া অন্যান্য যাত্রীদের জন্য আগমনী লাউঞ্জে ০২টি ও বহির্গমন লাউঞ্জে তিনটি বন্ধু সহায়তা/ May I Help You ডেস্ক স্থাপন করার কার্যক্রম চলমান আছে। উক্ত সেবা প্রদানকারী কর্মীদের জন্য আলাদা টি-শার্ট বা স্পেশাল Uniform এর ব্যবস্থা করা হবে। (২) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দরে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা হবে। এতদউদ্দেশ্যে সদর দপ্তরসহ বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। হশাআবি তে পরিস্কার পরিচ্ছন্ন ও আধুনিক সুবিধা সম্বলিত wash room এর ব্যবস্থা করা হবে। উল্লেখ্য যে, হশাআবিতে চলমান wash room এর Renovation এর কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করা হবে। উল্লেখিত কাজের ব্যয় নির্বাহের বিষয়ও সভায় আলোচনা হয়।	(খ) উক্ত ডেস্ক পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করণের কার্যক্রম গ্রহণ করতে হবে। (গ) নিয়োজিত জনবল তত্ত্বাবধায়ন ও পরিচালনার জন্য পরিচালক(এ্যাভসেক) কে দায়িত্ব প্রদান করা হলো। (২) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দরে পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম গ্রহণ করতে হবে। হশাআবির wash room এর Renovation এর কাজ দ্রুত শেষ করতে হবে। (৩) সংশ্লিষ্ট কাজের ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারীঃ** প্রধান প্রকৌশলী, সিএএবি/ পরিচালক(হশাআবি/এ্যাভসেক) ও সকল বিমানবন্দর ব্যবস্থাপক।
	বেবিচক'র অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সকল শ্রেণিতে মেধাভিত্তিক বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদান।	জানুয়ারি ২০২১ বেবিচ কর্তৃপক্ষের পাঁচটি স্কুল	পরিচালক প্রশাসন জানান যে, বেবিচক'র আওতাধীন ও ঢাকার বাহিরের ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষা বৃত্তি"প্রদানের নিমিত্ত প্রনীত নীতিমালা কর্তৃপক্ষের পর্ষদ সভায় অনুমোদিত হয়েছে। –যা সিএএবি এর স্কুল সমূহে প্রেরণ করা হয়েছে। সে অনুযায়ী বৃত্তি প্রদানের কার্যক্রম চলমান আছে। উক্ত কাজের ব্যয় নির্বাহের বিষয়ে সভায় আলোচনা হয়।	সিএএবি'র আওতাধীন ০৫টি (ঢাকাস্থ সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ তেজগাঁও, সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, কুর্মিটোলা ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট, যশোর, শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী) বিদ্যালয়ে অনুমোদিত নীতিমালা অনুযায়ী "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষা বৃত্তি" প্রদানের নিমিত্ত অতি সত্বর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে পত্রযোগাযোগ রক্ষাসহ উহা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। শিক্ষাবৃত্তির ব্যয়ভার সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নকারীঃ** পরিচালক(প্রশাসন/অর্থ)।
	বঙ্গবন্ধুর উপর তথ্যচিত্র প্রদর্শনী।	১৭ই মার্চ, ২৩মার্চ, ২৬-মার্চ, ১৭ এপ্রিল, ১৫ আগষ্ট, ১৬ ডিসেম্বর ২০২০ এবং ১০ জানুয়ারি, ২১শে ফেব্রুয়ারী, ৭মার্চ, ১৭ মার্চ, ২০২১। সকল বিমানবন্দর	বঙ্গবন্ধুর উপর নির্মিত তথ্যচিত্র এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে"Bangladesh Marches Ahead" শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে তা সকল বিমানবন্দরে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।	নির্ধারিত তারিখ সমূহে বঙ্গবন্ধুর উপর নির্মিত তথ্যচিত্র এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে "Bangladesh Marches Ahead" শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে তা সকল বিমানবন্দরে প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে। **বাস্তবায়নকারী:** সদস্য (পরিঃ ও পরিঃ)/ সদস্য(এফ,এস,আর)/সহকারী পরিচালক (জনঃ) ও বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।
	বিমানবন্দর সমূহের ভিতরে এবং বাইরে পরিস্কার-পরিচ্ছন্ন করণ এবং সৌন্দর্যবর্ধন	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সকল বিমানবন্দর ও	বিমানবন্দরসমূহে সৌন্দর্য বর্ধিতকরণের নিমিত্ত বিমানবন্দরের অভ্যন্তরীণ ও বাইরের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য যে তাছাড়া বেবিচকের সদর দপ্তর এলাকা ও	(ক) সকল বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জসহ সকল জায়গায় সৌন্দর্যবর্ধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) বেবিচকের সদর দপ্তর এলাকা ও আবাসিক এলাকার বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করতে হবে।

বিষয়	তারিখ ও স্থান	আলোচনা	সিদ্ধান্ত
	সদর দপ্তর এলাকা	আবাসিক এলাকার বিভিন্ন স্থানে পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থানের বিষয়ে আলোচনা হয়।	(গ) বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারীঃ**পরিচালক(প্রশাসন/অর্থ/ হশাআবি), বিমানবন্দর ব্যবস্থাপক সকল।
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরে মুজিব কর্ণার স্থাপন।	১৭ হতে ২৬ মার্চ ২০২০ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।	পরিচালক হশাআবি জানান যে, হশাআবি বিমান বন্দরের অভ্যন্তরে নির্দিষ্ট স্থানে যাত্রী সাধারণের জন্য বঙ্গবন্ধুর উপর রচিত বিভিন্ন বই পত্র ও ছবি সম্বলিত 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের কাজ চলমান আছে। বই যাচাই বাছাইয়ের জন্য পরিচালক, হশাআবি এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কাজের ব্যয় নির্বাহের বিষয়ও সভায় আলোচনা হয়।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরে বঙ্গবন্ধু কর্নারের নাম পরিবর্তন করে মুজিব কর্নার রাখা হয়েছে। উক্ত মুজিব কর্নারের কার্যক্রম চলমান আছে-যা অতি দ্রুত শেষ করতে হবে। ব্যয় নির্বাহের লক্ষ্যে সংশ্লিষ্ট কাজের প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারী:** পরিচালক, হশাআবি।
সিভিল এভিয়েশন দিবসে মুজিব বর্ষের উপর গুরুত্বারোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ।	৭ ডিসেম্বর ২০২০	সিভিল এভিয়েশন দিবসে তিনটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়।	সিভিল এভিয়েশন দিবসে মুজিব বর্ষের উপর গুরুত্বারোপ করে নির্ধারিত তারিখে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত আগামী নভেম্বরের মধ্যে এর কার্যক্রম শুরু করতে হবে। উল্লেখিত কাজের ব্যয়ভার সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নকারী:** সদস্য(এটিএম)।
ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সদর দপ্তর	পরিচালক(প্রশাসন) জানান যে, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে প্যাড, ইনভেলাপ ও নোট বুকে মুজিব বর্ষের শ্লোগান - "মুজিব বর্ষে হোক শপথ, আকাশ চলাচল রাখবো নিরাপদ।" অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। তাছাড়া বর্ণিত কাজের ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা হয়।	(ক) সিএএবি ওয়েব সাইটে মুজিববর্ষের ক্ষণগণনা ইতোমধ্যে অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া আগামী ১৭ই মার্চ হতে কর্তৃপক্ষের প্যাড, খাম, ডায়রী ও সিএটিসি এর প্রশিক্ষণার্থীদের সরবরাহকৃত প্রশিক্ষণ উপকরণসমূহে বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে লোগো ও শুভেচ্ছা বার্তা প্রকাশ নিশ্চিত করতে হবে। (খ) মুজিব বর্ষের শ্লোগান ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) উক্ত কাজের ব্যয়ভার সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নকারীঃ** সদস্য(প্রশাসন)/ পরিচালক (প্রশাসন)/পরিচালক (যোগাযোগ)।
বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনারের আয়োজন।	প্রথমটি ২৯ মার্চ ২০২০ এবং দ্বিতীয়টি ০৭ ডিসেম্বর ২০২০ সদর দপ্তর	বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। ১ম সেমিনারে বঙ্গবন্ধু জন্ম শতবার্ষিকী উৎযাপন কমিটির প্রধান সমন্বয়ক ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী আগামী ২৯ মার্চ ২০২০ (সম্ভাব্য) তারিখ আয়োজিত সেমিনারে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ২য় সেমিনারটির তারিখ ও কর্মসূচি পরবর্তীতে নির্ধারণ করা হবে। উক্ত অনুষ্ঠানের ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা হয়।	(ক) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রের সহযোগিতায় বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনার যথা সময়ে আয়োজন করতে হবে। (খ) প্রথম সেমিনারটি অনুষ্ঠানের বিষয়ে একটি কর্ম-পরিকল্পনা গ্রহণ করতে হবে। (গ) বর্ণিত সেমিনারটি আয়োজনের নিমিত্ত বিভিন্ন কমিটি ও বাজেট প্রস্তুত করতে হবে এবং উহার ব্যয়ভার কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নকারীঃ** সদস্য(অর্থ)/পরিচালক (প্রশাসন)/ অধ্যক্ষ, সিএটিসি।
বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর আলোকপাত।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সিএটিসি	বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের প্রতিফলন ঘটানোর উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়।	সদর দপ্তরে আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণে 'বঙ্গবন্ধুর জীবন ও আদরর্শ' বিষয়ক আলোচ্যসূচি অন্তর্ভুক্ত করতে হবে এবং বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে 'বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ' বিষয়ক আলোচ্যসূচি প্রতি রবি ও বৃহস্পতিবার সিএটিসির প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অন্তভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নকারী:** অধ্যক্ষ, সিএটিসি।

বিষয়	তারিখ ও স্থান	আলোচনা	সিদ্ধান্ত
বিভিন্ন এয়ার লাইন্স সমূহে বঙ্গবন্ধুর জন্ম শত বার্ষিকী পালন।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সদর দপ্তর	বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন এয়ারলাইন্সসমূহ হতে প্রাপ্ত কর্মপরিকল্পনা সদস্য(অর্থ) সভায় পেশ করেন। তিনি জানান যে, বিভিন্ন এয়ারলাইন্স থেকে প্রাপ্ত কার্যাদি সম্পাদনের বিষয় উল্লেখ থাকলেও সম্প্রতি চীনে করোনাভাইরাস ছড়িয়ে পড়ায় গৃহিত কর্মপরিকল্পনা সম্পাদনে বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে।	বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালন উপলক্ষ্যে সকল এয়ারলাইন্স হতে প্রাপ্ত কর্ম পরিকল্পনা কর্তৃপক্ষের গৃহীত কর্মপরিকল্পনার সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়নকারীঃ**সদস্য(এফ,এস,আর)/বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।
বঙ্গবন্ধুর জন্ম শত বার্ষিকী উপলক্ষ্যে বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস ভিত্তিক চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা আয়োজন।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সদর দপ্তর	(ক) প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেনী পর্যন্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতা, (খ) ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী এবং (গ) ৯ম থেকে ১০ম পর্যন্ত রচনা প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতোমধ্যে বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে।	প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত **"চিত্রাঙ্কন প্রতিযোগিতা"**, ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত **"বঙ্গবন্ধুর ছেলেবেলা"** এবং ৯ম থেকে ১০ম শ্রেণী পর্যন্ত **"বঙ্গবন্ধু ও স্বাধীনতা"** শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজনের ব্যবস্থা করতে হবে। **আয়োজনেঃ** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান ও ম্যানেজিং কমিটি।
জন্ম শতবার্ষিকী উদ্বোধনের দিনের কর্মসুচী	১৭ মার্চ ২০২০	জন্ম শতবার্ষিকীর প্রথম দিনে কেন্দ্রীয় কর্মসুচীসহ সিএএবি এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের টি শার্ট ও ক্যাপ পরিধানের ব্যবস্থা করা হবে। এছাড়া প্রয়োজনীয় সংখ্যক কোটপিন প্রস্তুতসহ সিএএবি সদর দপ্তরের মেইন গেইট ও মুলভবনের প্রবেশদ্বারে প্রয়োজনীয় তথ্য সম্বলিত ব্যানার প্রস্তুত এবং প্রণীতব্য জাতীয় কর্মসুচির আলোকে কর্তৃপক্ষ কর্তৃক উক্ত দিবস পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সভায় আলোচনা হয়।	সিএএবি এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের বঙ্গবন্ধুর লোগো সম্বলিত টি-শার্ট ও ক্যাপ পরিধানের নিমিত্ত ৩৫০০ টি-শার্ট ও ক্যাপ প্রস্তুতের কাজ ত্বরান্বিত করতে হবে। এ লক্ষ্যে- (ক) দপ্তর ভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের সংখ্যা নির্ধারণপূর্বক তা বিতরণ নিশ্চিত করতে হবে। (খ) বঙ্গবন্ধুর লোগোসম্বলিত কোট-পিন ও ব্যানার প্রস্তুত করতে হবে। (গ) উল্লেখিত কাজ ও উদ্বোধনী দিবসে গৃহীত কর্মসূচী পালনে যাবতীয় ব্যয়ভার নির্ধারণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারীঃ** সদস্য(পরিঃ ও পরিঃ)/ পরিচালক(প্রশাসন)।
বিমানবন্দর সমূহের বোর্ডিংব্রিজে মুজিববর্ষের লোগো দিয়ে সু-সজ্জিত করণ	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সদর দপ্তর	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দসহ দেশের সকল বিমান বন্দরের বোর্ডিংব্রিজে বঙ্গবন্ধুর ছবি ও মুজিববর্ষের লোগো সম্বলিত বোর্ড দিয়ে সু-সজ্জিতকরণের নিমিত্ত ডিজাইন চুড়ান্ত করার পর তা স্থাপনের কাজ চলমান আছে—যা আগামী ১৭মার্চ ২০২০ এর মধ্যে শেষ হবে।	বিমানবন্দরের বোর্ডিং ব্রীজগুলোতে বঙ্গবন্ধুর ছবি ও মুজিববর্ষের লোগো সম্বলিত বোর্ড দিয়ে সু-সজ্জিত করতে হবে। (খ) সংশ্লিষ্ট কাজের ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করতঃ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারীঃ** পরিচালক(প্রশাসন) ও বিমানবন্দর ব্যবস্থাপকগণ।
সদর দপ্তর কতৃর্ক গৃহীত কর্মসুচীর ন্যায় ঢাকার বাহিরের বিমানবন্দর সমূহে বিভিন্ন কর্মসূচী পালন সংক্রান্ত	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১	সদর দপ্তর কর্তৃক গৃহীত কর্মসুচি ন্যায় প্রযোজ্য ক্ষেত্রে ঢাকার বাহিরের বিমানবন্দরগুলোতে মুজিববর্ষ উপলক্ষ্যে প্রয়োজনীয় কর্মসুচী পালনের বিষয়ে আলোচনা হয়। বিষয়টি সকলকে জানানোর জন্য অনুরোধ করা হয়।	ঢাকার বাহিরের বিমানবন্দরসমূহে কর্তৃপক্ষের নিদেশনা মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী কর্মসূচী পালনের লক্ষ্যে বিমানবন্দর ব্যবস্থাপকগণকে পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক(প্রশাসন)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০

নং-৩০.৩১.০০০০.২০১.২২.০০১.১৯-৮০৫৫ তারিখ : ০৫/০৩/২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

সদস্য...,(সকল) সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
পরিচালক...(সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
পরিচালক (হশাআবি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
পরিচালক (যোগাযোগ) (সিএএবি, ওয়েবসাইডের বঙ্গবন্ধুর কর্নারে প্রচারের ব্যবস্থা গ্রহন করবেন।
পরিচালক/আধ্যক্ষ, সিএটিসি, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
সহকারী পরিচালক(জনসংযোগ), সিএএবি, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি :

সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।